

২০২২-২০২৩ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান

সভার তারিখ ১৫ সেপ্টেম্বর ২০২২

সভার সময় বেলা ১২:০০ ঘটিকায়

স্থান এনটিআরসিএ'র সম্মেলন কক্ষ

উপস্থিতি সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হল।

সভাপতি মহোদয় সভার প্রারম্ভে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জনিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্টকে

সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য আহ্বান করেন। ফোকাল পয়েন্ট আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়ের উপর

সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র মি ক ন্য	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

ক্রমিক নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	<p>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অবহিতকরণ প্রসঙ্গে।</p>	<p>সভাপতির অনুমতিক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা অধ্যাপক দীনা পারভীন সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার</p> <p>১.১ অনুচ্ছেদে ৩-৫ জন কর্মকর্তার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।</p> <p>১.২ অনুচ্ছেদ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হলে সূচকের বিপরীতে পূর্ণ নম্বর পাওয়া যাবে।</p> <p>১.৩ অনুচ্ছেদে উল্লেখ রয়েছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন করতে হবে। এ প্রসঙ্গে ফোকাল পয়েন্ট বলেন যে, এন.টি. আর.সি.এ এর আওতাধীন কোন দপ্তর/সংস্থা নাই তবে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার আলোচনা অনুযায়ী যে সকল প্রতিষ্ঠানের আওতাধীন কোন দপ্তর/সংস্থা নাই সে সকল প্রতিষ্ঠানকে অভ্যন্তরীণ ভাবে সভার আয়োজন করতে হবে। সে প্রেক্ষিতে অধ্যকার সভার আয়োজন করা হয়েছে মর্মে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান,</p> <p>অনুচ্ছেদ ১.৪ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা রয়েছে। ফোকাল পয়েন্ট আরো জানানো,</p> <p>২.১ মোতাবেক সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন, বিধি বিধান বিষয়ে ২টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা গেলে সূচকের বিপরীতে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হবে এবং পূর্ণ নম্বর পাওয়া যাবে।</p> <p>অনুচ্ছেদ নং ২.২-তে অংশিজনের সমন্বয়ে ২টি সভার আয়োজন করা হলে বর্ণিত সভার বিপরীতে পূর্ণ নম্বর পাওয়া যাবে।</p> <p>ফোকাল পয়েন্ট কর্মকর্তা আরো বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় বর্ণিত কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার বিষয়ে কর্মপরিকল্পনায় উল্লেখ রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে সভাপতি মহোদয় সেবা প্রদান কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এ বর্ণিত কাজসমূহ যথাসময়ে সম্পন্ন করে নির্ধারিত সময়ের মধ্যে প্রমাণকসমূহ উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের নির্দেশ প্রদান করেন।</p>	<p>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী সকল কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।</p>	<p>সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট।</p>

ক্রমিক নয়	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.	বিবিধ	<p>ক) সভাপতি এন.টি.আর.সি.এ'র বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতিতে কোন সংশোধন, সংযোজন/বিয়োজন হবে কিনা অথবা সেবা সহজীকরণের নতুন কোন প্রস্তাব আছে কিনা সে বিষয়ে তিনটি অনুবিভাগ হতে মতামত দেয়ার জন্য অনুরোধ জানান। তিনি ১৫ কর্ম দিবসের মধ্যে ৩টি অনুবিভাগ থেকে মতামত সংগ্রহ করে সে আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার নির্দেশ প্রদান করেন।</p> <p>খ) সভাপতি এনটিআরসিএ'র বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রতিশ্রুত সেবাসমূহ প্রদানের ক্ষেত্রে যে সময়সীমা নির্ধারণ করা আছে সেই নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হচ্ছে কিনা সে বিষয়ে পরিবীক্ষন কমিটিকে পর্যবেক্ষন অব্যহত রাখার নির্দেশ প্রদান করেন।</p>	<p>ক) ১৫ কর্ম দিবসের মধ্যে ৩টি অনুবিভাগের মতামত সংগ্রহ করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।</p> <p>খ) নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদানের বিষয়ে পরিবীক্ষন কমিটিকে পর্যবেক্ষন অব্যহত রাখতে হবে।</p>	পরিবীক্ষন কমিটি ও ফোকাল পয়েন্ট।

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

EDKhan

মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৩৮.০০১.২১.৭২৭

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৯

২৮ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) কর্মকর্তা (সকল), এনটিআরসিএ, ঢাকা।

Q

মোঃ ওবায়দুর রহমান
সচিব (উপসিচিব)